



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-২৪৮/২০১৭/১৬

তারিখঃ ২৭.১১.২০১৭খ্রিঃ

বিষয়ঃ দাখিলকৃত কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-প্রশা/২০১৮/২/নথি নং-যশোর-২৪৮; তারিখঃ ২০/০৯/২০১৭ইং  
২) স্মারক সংখ্যা: ০৫.৪৪.৪১৯০.০১৮.০৮.০২৩.১৭-৯৩৭; তারিখঃ ৩০ আগষ্ট ২০১৭ খ্রিস্টাব্দ।  
৩) নং-বামাশিবো/প্রশাসন/যশোর-২৪৮/১৮৮২/৬; তারিখঃ ১৭.০৫.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন টেংরা মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক আলিম শ্রেণি আপাতত স্থগিত রেখে নিয়মিত গভার্ণিং বডি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন দাখিল করেন।

পরবর্তীতে উক্ত মাদ্রাসার আলিম স্তরের শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রীর সংখ্যা, নিয়মিত পাঠদানের কার্যক্রম হচ্ছে কিনা তার সার্বিক অবস্থা সরজমিনে পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোরকে সূত্রে উল্লিখিত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর এর মাধ্যমে তদন্ত পূর্বক মতামতসহ সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন।

অপরদিকে মাদ্রাসার অধ্যক্ষকে আলিম অনুমতি স্থগিতের আবেদন দাখিল করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হলে অধ্যক্ষ জবাব দাখিল করেছেন। দাখিলকৃত জবাব ও কাগজপত্র অনুযায়ী দেখা যায়, মাদ্রাসাটি দাখিল স্তরে একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত। পরবর্তীতে আলিম ১ম বর্ষ পাঠদানের অনুমতি নেয়া হয়, যার মেয়াদ ২০০৫ সালে শেষ হয়। কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২০১১ সালের পর মাদ্রাসার আলিম শ্রেণিতে কোন ছাত্র/ছাত্রী ভর্তি না হওয়ায় এবং কোন শিক্ষক না থাকায় আলিম ১ম বর্ষ পাঠদানের বিষয়টি স্থগিত রাখা হয়েছে এবং দাখিল হিসাবে পরিচালনা করা হচ্ছে, যা সূত্রোক্ত ২নং স্মারকে প্রেরিত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেছেন।

উল্লেখ্য, মাদ্রাসার আলিম স্তর কমিটি কর্তৃক স্থগিত করলেও কমিটি গঠনের সময় ম্যানেজিং কমিটি গঠন না করে গভার্ণিং বডি গঠন করেছেন, যা বিধি সম্মত নয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা পরিচালনার স্বার্থে পরবর্তী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে অনলাইনে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন দাখিল করার জন্য মাদ্রাসার অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

স্বাক্ষর

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, টেংরা মহিলা আলিম মাদ্রাসা  
ডাকঘর- সামটা, শার্শা, যশোর।

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-২৪৮/২০১৭/১৬

তারিখঃ ২৭.১১.২০১৭খ্রিঃ

## অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

স্বাক্ষর  
মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪